



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ১৩০১৬

তারিখঃ ৮/১২/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্পের মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের এআইএস অংশে তথ্য এন্ট্রিকরণ ও লাইভ কার্যক্রম শুরু।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের সকল কার্যক্রম অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতার সাথে সম্পাদনের জন্য মাইক্রোফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। এ লক্ষ্যে বরিশাল বিভাগের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীদের গত ১৬ ও ১৭ অক্টোবর ২০১৫ খ্রিঃ এবং খুলনা বিভাগের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীদের গত ০১/১১/২০১৫ খ্রিঃ হতে ০৪/১১/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট সফটওয়্যারের এআইএস অংশে তথ্য এন্ট্রি করে ডেবিট-ক্রেডিট মিল করাসহ দৈনন্দিন কার্যক্রম পরিচালনার বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। সেই সাথে সফটওয়্যারে তথ্য এন্ট্রি নিশ্চিত করত ১৫ নভেম্বর ২০১৫ তারিখ হতে লাইভ কার্যক্রম শুরুর জন্য নির্দেশনা দেয়া হয়। কিন্তু লক্ষ্য করা গেছে নির্ধারিত সময়ের পর দীর্ঘদিন অতিবাহিত হলেও অধিকাংশ উপজেলায় নির্দেশিত কাজ সম্পাদন করে সফটওয়্যারে লাইভ কার্যক্রম শুরু করা হয়নি। ইহাতে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত অত্র প্রকল্পের কাজিত অগ্রগতি অর্জনে প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের কর্তব্যে অবহেলা, অদক্ষতা, অযোগ্যতা ও গাফিলতি চরমভাবে প্রতীয়মান হচ্ছে।

এমতাবস্থায়, আগামী ২০/১২/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলাস্থ সকল আয়-ব্যয়ের তথ্য সফটওয়্যারের এআইএস অংশে এন্ট্রি প্রদানের মাধ্যমে ডেবিট-ক্রেডিট মিল নিশ্চিত করে লাইভ কার্যক্রম শুরুর জন্য নির্দেশনা প্রদান করা হলো। সফটওয়্যারে তথ্য এন্ট্রির বিষয়ে বুঝতে না পারলে অথবা কোন সমস্যা হলে ডাটা সফট লিঃ অথবা প্রকল্প সদর দপ্তরের কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে সমাধান নেয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো। প্রয়োজনে উপজেলায় গিয়ে সমস্যার সমাধান করা হবে। উল্লেখিত সময়ের মধ্যে মাইক্রোফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের সামগ্রিক লাইভ (MIS & AIS) কার্যক্রম শুরু করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট উপজেলার হিসাব সহকারীদের জানুয়ারি/২০১৫ খ্রিঃ মাসের বেতন ভাতা বন্ধ রাখার জন্য অনুরোধ করা হলো।


প্রকাশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
উপজেলাঃ -----।
জেলাঃ -----।

অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), -----উপজেলা-----জেলা।
৫. হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা-----জেলা।
৬. অফিস কপি।